

২০১৭

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তিলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উভয় যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উভয়ের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

- ১। (ক) প্রবন্ধ বলতে কী বোঝো ? প্রবন্ধের শ্রেণিবিভাগ করো। উপযুক্ত উদাহরণসহ ব্যক্তিনির্ণয় প্রবন্ধের লক্ষণগুলি আলোচনা করো।

৩+২+৫+৮

অথবা

- (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করোঃ
 (অ) পত্রসাহিত্য
 (আ) রচনা
 (ই) তুলনামূলক সমালোচনা পদ্ধতি
 (ঈ) ডায়ারি।

৯+৯

- ২। (ক) 'বিড়াল' প্রবন্ধ অবলম্বনে বক্ষিষ্ণচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও।

১২

অথবা

- (খ) 'কমলাকান্ত একাধারে, দাশনিক, সমাজশিক্ষক, রাজনীতিজ্ঞ ও দেশপ্রেমিক'।
 — 'কমলাকান্তের দণ্ডন'—এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে মন্তব্যটির যাথর্থ্য বিচার করো।

১+৩

- ৩। (ক) 'মনুষ্যমাত্রেই পতঙ্গ' — কোন রচনার অংশ ? একথা বলার কারণ পর্যালোচনা করো।

অথবা

- (খ) "পুঁপ আপনার জন্য ফুটে না। পরের জন্য তোমার হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত করিও।"
 — কোন রচনার অংশ ? 'হৃদয়-কুসুম প্রস্ফুটিত' করার প্রসঙ্গটি বুঝিয়ে দাও।

১+৩

- ৪। (ক) রবীন্দ্রনাথের 'ছিমপত্র'-এর চিটিগুলির সঙ্গে, তাঁর লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো।

১২

অথবা

- (খ) 'ছিমপত্র' প্রাচী পদ্মাতীরের মানবজীবন কেমন ভাবে ধরা পড়েছে তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো।

১২

- ৫। (ক) 'আমি দেবতার মেয়ে, কিন্তু দেবতার ক্ষমতা আমার নেই।' — কে দেবতার মেয়ে ?
 কেন সে অক্ষম ?

১+৩

অথবা

- (খ) "নিজের ভিতরকার এই অপার রহস্যের কথা মনে করলে ভারী ভয় হয়।" — এই অপার
 রহস্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। তার কথা মনে করায় লেখকের ভয়ের কারণই বা কী ?

২+২

৬। (ক) “দ্বুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় সর্বস্তরেই শিক্ষার বাহন হিসাবে মাতৃভাষা ব্যবহারের সময় এসে গেছে।” — কোন প্রসঙ্গে লেখক একথা বলেছেন? বিদেশি ভাষায় শিক্ষাগ্রহণ করার কোন অসুবিধার কথা লেখক এখানে উল্লেখ করেছেন? মাতৃভাষা ব্যবহার প্রসঙ্গে লেখক জাপানের যে অভিজ্ঞতার কথা বলেছেন তা সংক্ষেপে লেখো।

৩+৪+৮

(খ) “কিন্তু একবার সাহিত্যশাসন ব্যবস্থা চালু হলে সহজে তা লোপ পাওয়ার নয়।”
— ‘সাহিত্যের রাজনীতি’ প্রবন্ধের অনুসরণে এই ‘সাহিত্যশাসন ব্যবস্থা’র বিশদ পরিচয় দাও।

১৫

৭। (ক) “শিল্প-সাহিত্যের গতির মোড় ঘোরে যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে।” — ‘তিনদশকের নাট্য সমীক্ষা’ — অবলম্বনে চলিশের দশকের নাটকের মোড় কীভাবে ঘূরেছে — আলোচনা করো। পরবর্তী দুটি দশকের প্রগতিশীল বাংলা নাটক সম্পর্কে লেখকের অভিমত কী?

৭+৮

অর্থবা

(খ) ‘রূপকথা’ ও ‘উপকথা’ শব্দ দুটির পিছনে যে ভিন্ন চিন্তাধারা কাজ করে তার পরিচয় দাও। রূপকথা কীভাবে আমাদের জীবনের ওপর প্রভাব বিস্তার করে তা ‘রূপকথা’ প্রবন্ধ অনুসরণে লেখো।

৫+১০

৮। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :

২০

- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে পুরুষ চরিত্র
- (খ) রবীন্দ্রনাথের উপন্যাসে নারী
- (গ) উনিশ শতকের বাংলা সাময়িক পত্র
- (ঘ) কল্পলযুগের সাহিত্য
- (ঙ) মধুসূনের কাব্যে আধুনিকতার উপাদান
- (চ) বাংলা কথাসাহিত্য দেশভাগ ও দাঙ্গা
- (ছ) স্বাধীনতা-উত্তর বাংলা ছোটগল্প
- (জ) বাংলা পৌরাণিক নাটক।